# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

নথি নং ৩৯.০২.০০০০.০৪৭.৪২.০৪৯.১৭/ ৯৯৯ তারিখ: ৩০ .০৯.২০১৯ খ্রি.।

## পরিপত্র

বিষয়ঃ বিসিএসআইআর হতে বিশ্লেষণ সেবা গ্রহণের জন্য পণ্যের নমুনা প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় নিয়মাবলী।

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) প্রধানত শিল্প উন্নয়নে গবেষণা ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনার পাশাপাশি দক্ষতা ও সুনামের সহিত দেশীয় শিল্প ও আমদানি পণ্যের বিশ্লেষণ সেবাও প্রদান করে থাকে। উচ্চ আদালত, বাংলাদেশ কাস্টমস, বাংলাদেশ পুলিশ, র‍্যাব, বিএসটিআই, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষসহ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান বিভিন্ন পণ্যের বিশ্লেষণ সেবা বিসিএসআইআর হতে গ্রহণ করে থাকে। বিশ্লেষণ সেবার জন্য নমুনা সংগ্রহ ও বিতরণ ব্যবস্থায় যথাযথ সতর্কতা অবলম্বন করা না হলে সামগ্রিক কার্যক্রম প্রশ্নবিদ্ধ হওয়ার সম্ভাবনা থাকে। তাই বিশ্লেষণ সেবার মান উন্নয়নের স্বার্থে পণ্যের নমুনা প্রেরণ এবং গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য নমুনা প্রেরণকারী সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নমুনা বিশ্লেষণের জন্য আবেদন/চাহিদা/অনুরোধ পত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা, অ্যানালাইটিক্যাল সার্ভিস সেল, বিসিএসআইআর, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

২। পণ্যের নমুনা প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে নমুনা প্রদান করতে হবে। নমুনা/নমুনাসমূহ অবশ্যই সিলগালা অবস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষরসহ প্রদান করতে হবে। নমুনা বাহকের ক্ষেত্রে ক্ষমতাপত্রে নমুনা বাহকের পরিচিতি সম্পর্কিত প্রত্যায়নপত্রে অবশ্যই মোবাইল নং এর উল্লেখ থাকতে হবে।

৩। পণ্যের নমুনা পরীক্ষার ক্ষেত্রে টেস্ট এর সুনির্দিষ্ট প্যারামিটার উল্লেখ করে পত্র প্রদান করতে হবে। নমুনাটি কি? বিষাক্ত উপাদান আছে কিনা? কি কি উপাদান দ্বারা তৈরি? মানবদেহের জন্য ক্ষতিকর কিনা? এ ধরণের অস্পষ্ট ও অনির্দিষ্ট চাহিদা প্রেরণ না করে টেস্ট প্যারামিটার সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪। অজ্ঞাত (Unknown) নমুনার ক্ষেত্রে বিশ্লেষণ সেবা প্রদান ব্যয়বহুল এবং সময়সাপেক্ষ। এক্ষেত্রে সেবা গ্রহীতাকে পর্যাপ্ত সময় এবং নির্ধারিত ফি প্রদানে সম্মত থাকতে হবে। তাছাড়া চাহিদানুযায়ী পণ্য সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।

৫। আমদানিকৃত পণ্যের নমুনার সাথে সম্পর্কিত তথ্যসমৃদ্ধ দলিলাদি প্রদান করতে হবে। পণ্যের Invoice, Material Safety Data Sheet (MSDS) এবং Certificate of Analysis (COA) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সিলগালা ও স্বাক্ষরিত অবস্থায় প্রদান করতে হবে। পণ্যটি কি নামে আমদানি করা হয়েছে সে বিষয়ে পত্রে আবশ্যিকভাবে উল্লেখ থাকতে হবে।

৬। নমুনা বিশ্লেষণকালে চাহিদাপত্রে উল্লিখিত প্যারামিটারসমূহের অতিরিক্ত অন্য প্যারামিটার পরীক্ষা করা প্রয়োজন হলে তার জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

৭। নমুনা বিশ্লেষণ ফি সেবা গ্রহীতা/প্রতিনিধি ব্যতিত অন্য ব্যক্তি/আমদানীকারক/সিএন্ডএফ এজেন্ট/অনুরূপ ব্যক্তি দ্বারা প্রেরণ করা যাবে না। পরীক্ষণ ফি সেবা গ্রহীতা/প্রতিনিধি কর্তৃক Analytical Service Cell, BCSIR, Dhaka, হিসাব নং SND-১৩৪৫১০২০০১৪৯৯, পূবালী ব্যাংক লিঃ, ল্যাবরেটরী রোড শাখা, ঢাকা বরাবর প্রদান করতে হবে।

৮। নমুনা বিশ্লেষণ সম্পর্কিত প্রতিবেদন শুধুমাত্র সংশ্লিষ্ট সেবা গ্রহীতার অনুমোদিত ব্যক্তির নিকট/পত্রের মাধ্যমে জানানো হবে অথবা পত্রে উল্লেখিত ই-মেইল এ (চাহিদা সাপেক্ষে) প্রেরণ করা হবে।

৯। বিসিএসআইআর এর বিশ্লেষণ সেবা সংশ্লিষ্ট গবেষণাগারসমূহের পরিচালকবৃন্দ নমুনা গ্রহণের এবং বিতরণ কার্যক্রম সিসি ক্যামেরার সম্মুখে বিশ্লেষণ সেবা প্রদানকারী গবেষক/এনালিস্ট/কর্মকর্তার উপস্থিতিতে সম্পন্ন করবেন।

১০। বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত নমুনা বিশ্লেষণের পর প্রযোজ্য ক্ষেত্রে প্রমানক হিসেবে উক্ত নমুনা সংশ্লিষ্ট ল্যাবের পরিচালক যথাযথ নিরাপত্তা সহকারে নিজ দায়িত্বে কমপক্ষে ৩(তিন) মাস সংরক্ষণ নিশ্চিত করবেন।

১১। পণ্যের নমুনা বিশ্লেষণ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বিসিএসআইআর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উল্লিখিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সেবা গ্রহীতা প্রতিষ্ঠানসমূহকে নমুনা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩০/০৯/২০১৯

মোঃ খলিলুর রহমান
সচিব
বিসিএসআইআর, ঢাকা।
ফোন: ৫৮৬১০৭১৭

বিতরণ: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-২

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ(বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)



৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, কাকরাইল, ঢাকা।
৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি, কমলাপুর, ঢাকা/বেনাপোল, যশোর/বুড়িমারী স্থল শুল্ক ষ্টেশন, পাটগ্রাম, লালমনির হাট/সোনামসজিদ স্থল শুল্ক স্টেশন, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ/কাস্টম হাউস, মংলা/কাস্টম হাউস, পায়রা/বাংলাবান্ধা স্থল শুল্ক স্টেশন, পঞ্চগড়।
৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণি সম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা-১৩৪১।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৯। মহা-পরিচালক, বিএসটিআই, ১১৬/ক, মান ভবন, তেজগাঁও, ঢাকা -১২০৮।
১০। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, পুরাতন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন/রাজশাহী সিটি কর্পোরেশন/খুলনা সিটি কর্পোরেশন/গাজীপুর সিটি কর্পোরেশন/ময়মনসিংহ সিটি কর্পোরেশন/কুমিল্লা সিটি কর্পোরেশন/সিলেট সিটি কর্পোরেশন/রংপুর সিটি কর্পোরেশন/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৩। মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ মহাপরিচালক, র‍্যাব
১৪। পরিচালক (যুগ্ম সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা।
১৫। পরিচালক, পিপিএন্ডপিডিসি, বিসিএসআইআর, ঢাকা।
১৬। ভারপ্রাপ্ত পরিচালক, বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা/বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/ বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী/আইএফএসটি, ঢাকা/আইএফআরডি, ঢাকা/আইজিসিআরটি, ঢাকা /পিএন্ডডি, ঢাকা/আইএনএআরএস, ঢাকা /ডিআরআইসিএম, ঢাকা/আইএমএমএম, খঞ্জনপুর, বিসিএসআইআর, জয়পুরহাট।
১৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চামড়া গবেষণা ইনস্টিটিউট, বিসিএসআইআর, নয়ারহাট, সাভার, ঢাকা।
১৮। গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা।
১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা (বিসিএসআইআর-এর ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
২০। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (বিঃ ও প্রঃ), সদস্য (উন্নয়ন), বিসিএসআইআর, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Analytical Service Cell
Dr. Qudrat-i-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Phone: 9671108 FAX: 88-02-9671108 E-mail: asc@bcsir.gov.bd